শ্রমিকদের দাবি আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা চলছে: শ্রমমন্ত্রী



শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। ছবি: সংগৃহীত

শ্রমিকদের দাবিগুলো মজুরি বোর্ডে আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করছে সরকার। চলমান অসন্তোষ নিরসনে মালিক ও শ্রমিকদের সহযোগিতায় দ্রুত কারখানাগুলো স্বাভাবিক করার আশা প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী।

বুধবার (৪ নভেম্বর) শ্রমিক-মালিক সংকট নিরসনে আয়োজিত বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, শ্রমিক নেতাদের মাধ্যমে বৃহস্পতিবার থেকে সবাইকে কাজে ফেরার আহ্বান জানানো হয়েছে।

গাজীপুরে শ্রমিক নিহতের ঘটনায় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তাঁর পরিবারকে এক লাখ টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। পাশাপাশি ভিডিও ফুটেজ পর্যালোচনা করে হত্যাকাণ্ডে জড়িতদের শনাক্ত ও আইনের আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে।

শ্রমিকদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে টঙ্গীতে ১০০ শয্যার হাসপাতাল নির্মাণের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী। আগামী এক সপ্তাহের মধ্যে এ প্রকল্পের প্রক্রিয়া শুরু হবে বলেও জানান মন্ত্রী।

তিনি আরও বলেন, শ্রমিকদের মধ্যে যাঁরা নির্দোষ হওয়া সত্ত্বেও কারাবন্দি হয়েছেন, তাঁদের বিষয়টি পর্যালোচনা করা হবে। তবে সহিংসতায় জড়িত থাকার প্রমাণ মিললে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

মজুরি বোর্ড গঠনের কাজ শেষ হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, আগামী চার দিনের মধ্যে বোর্ডের পরবর্তী সভা অনুষ্ঠিত হবে। মালিক ও শ্রমিক উভয় পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে এমন সুপারিশ আসবে, যা দুই পক্ষ গ্রহণ করবে বলে তিনি আশা করেন।

শ্রমিকদের নিয়মতান্ত্রিকভাবে দাবি জানানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, আলোচনা ও লিখিত আবেদনের মাধ্যমে দাবি আদায়ের চেষ্টা করতে হবে। একই সঙ্গে বন্ধ কারখানা চালু করে উৎপাদন স্বাভাবিক করতে মালিকদের এবং শ্রমিকদের কাজে ফেরাতে শ্রমিক নেতাদের সহযোগিতা চান তিনি।